

ভাসানী বিশ্ববিদ্যালয়ে ছাত্রসংসদ প্রতিষ্ঠার দাবিতে শিক্ষার্থীর অনশন

টাঙ্গাইল প্রতিনিধি



ছবি : কালের কঠ

টাঙ্গাইলের মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে

কেন্দ্রীয় ছাত্র সংসদ (মাকসু) প্রতিষ্ঠার দাবিতে আমরণ অনশন

কর্মসূচি শুরু করেছেন আক্তারুজ্জামান সাজু নামের এক শিক্ষার্থী।

সোমবার (১১ আগস্ট) দুপুর থেকে প্রশাসনিক ভবন প্রাঙ্গণে এই

অনশন কর্মসূচি শুরু করেন তিনি।

আক্তারুজ্জামান সাজু বিশ্ববিদ্যালয়ের অপরাধ তত্ত্ব ও পুলিশবিজ্ঞান

বিভাগের স্নাতকোত্তরের শিক্ষার্থী। তার দাবির সঙ্গে সংহতি প্রকাশ

করে বিশ্ববিদ্যালয়ের আরো কিছু শিক্ষার্থী প্রতীকী অনশনে অংশ

নিয়েছেন।

আক্তারুজ্জামানের সঙ্গে সংহতি জানানো শিক্ষার্থীরা জানান,

বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের ৯ দফা দাবির অন্যতম হলো

দেশের প্রতিটি বিশ্ববিদ্যালয় ও কলেজে ছাত্রসংসদ প্রতিষ্ঠা। সেই

লক্ষ্যই তারা ২১ জুলাই বিশ্ববিদ্যালয় প্রশাসনের কাছে দাবিপত্র দেন। কিন্তু নির্ধারিত সময় পেরিয়ে গেলেও রিজেন্ট বোর্ড থেকে কোনো সিদ্ধান্ত আসেনি। পরবর্তী সময় গত ২ আগস্ট পুনরায় প্রশাসনের সঙ্গে বৈঠকে ১০ আগস্টের মধ্যে রিজেন্ট বোর্ডে প্রস্তাবটি পাস করানোর আহ্বান জানানো হয়।

তবে সেই সময়ও পেরিয়ে গেছে।

একই দিন বিকেলে শিক্ষার্থী আত্মারূপজামান জানান দাবি পূরণ না হওয়া পর্যন্ত তার আমরণ অনশন অব্যাহত থাকবে।

এ বিষয়ে বিশ্ববিদ্যালয়ের প্রষ্ঠের ইমাম হোসেন বলেন, 'শিক্ষার্থীদের একটি আবেদনের বিষয়ে প্রশাসন আলোচনা করেছে এবং আবেদনটি আমলে নিয়ে একটা সভাও করেছে। শিক্ষার্থীদের আবেদনটি বিশ্ববিদ্যালয়ের আইনমাফিক কী করা যেতে পারে বা সেটার বিষয়ে করণীয় নির্ধারণের বিষয়টি প্রক্রিয়ার মধ্যে রয়েছে বলে আমি শুনেছি।'

,

প্রসঙ্গত, ১৯৯৯ সালে টাঙ্গাইলের সন্তোষে মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ভিত্তিপ্রস্তর স্থাপন হয়। পরে ২০০৩-০৪ শিক্ষাবর্ষে শুরু হয় একাডেমিক কার্যক্রম।

